

কি যেন হারিয়ে যাচ্ছে !

ধীরে ধীরে যেন দূরত্ব কেমন বেড়ে যাচ্ছে
চেনা মানুষ গুলো কেমন যেন অচেনা লাগছে।।
কাছের যারা, তারা যেন দূরে সরে যাচ্ছে
ভালোবাসা আর ভালোবাসার মধ্যে কেমন
যেন একটা ফারাক তৈরী হয়ে যাচ্ছে
দিনদিন।।
অভিভাবক শূন্য হয়ে যাচ্ছে বাড়ী গুলো
বাবা-মা র ঠাই আজ বৃদ্ধাশ্রমে
কিংবা আকাশের উপর দিয়ে সন্তান
বিদেশে চাকুরীর সন্ধানে,
একা একা বাবা-মা শূন্যতার মাঝখানে।
কোথায় যেন সম্পর্কের স্বাদগুলো
ফিকে হয়ে যাচ্ছে
ছিঁড়ে যাচ্ছে সুতোর টান
নাড়ীর সম্পর্ক হয়ে যাচ্ছে আরও স্বার্থপর।

মীর গোলাম সাবীর আলী।

আমার কবিতা সংগ্রহ।

৯৮৩৬১০৭৯৫৭